



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



স্বামী বিবেকানন্দের সার্থ শততম জন্ম-জয়ন্তী স্মারক শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠান



৩০ নভেম্বর ২০২২-বুধবার দর্শন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে স্বামী বিবেকানন্দের সার্থ শততম জন্ম-জয়ন্তী স্মারক শিক্ষাবৃত্তি প্রদান অনুষ্ঠান এবং বিশ্বচেতনায় স্বামী বিবেকানন্দ বিষয়ক আলোচনা কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। প্রধান বক্তা হিসেবে রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের অধ্যক্ষ ও সম্পাদক শ্রীমৎ স্বামী পূর্ণাত্মানন্দজী মহারাজ এবং বিভাগীয় অধ্যাপক ড. সিদ্ধার্থ শংকর জোয়ার্দার স্বাগত বক্তব্য প্রদান করেন।

দর্শন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ তৌহিদুল হাসানের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ রইছ উদদীন এবং শিক্ষক সমিতির সভাপতি ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন।

উল্লেখ্য এবছর দর্শন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ে মোট ৮ জন কৃতী শিক্ষার্থী স্বামী বিবেকানন্দের সার্থ শততম জন্ম-জয়ন্তী স্মারক শিক্ষাবৃত্তি লাভ করে।